# মানুষের পাশে আজ মানুষ দাঁড়িয়ে নেই

,
যে আছে সে ঘাতক নিশ্চয়
একথা জানার আগে আমার মরণ যেনো হয়-
একদিন এরকম প্রার্থনা করেছি, কিন্তু কার কাছে?
সে কোন ঈশ্বর, কোন মানবের কাছে?
কেনো সে করেছি বড়ো লজ্জা হয়,
দুর্বলের কাতর প্রার্থনা অর্থহীন।
আজ বুঝি-আমাদের রিরংসা
নিবৃত্ত হবে না কোনোদিন।

পশু হত্যা করে তার নিতান্ত জৈবিক প্রয়োজনে;
বধকরা ছাড়া তারা নিপায়, অস্তিত্ব বাঁচেনা, খাদ্য চাই।
তারপর ঘুম, শুধু সুখনিদ্রা-ইচ্ছে নেই অযথা হননে।
আমি আজ কতো পেলে খুশি হবো?
কতো রক্ত পেলে তৃষ্ণা যাবে?
জানিনা। জানার চেয়ে হত্যার তাণ্ডবে মেতে সুখি হই বেশি।
যেটুকু সোনার রোদ ঠোঁটে ফুটে ওঠে, ছদ্মবেশী
কোনো নরঘাতকের, কেউ তা বোঝে না। হাবেভাবে
বোঝার উপায় নেই, মনে হবে
মানুষের পাশে এসে মানুষই দাঁড়ায়।
কার ভয়?
অথচ তা সত্য নয়, যে দাঁড়ালো
রক্তপায়ী ঘাতক নিশ্চয়।

পবিত্র মুখোপাধ্যায়

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com